JUL 06 2002

দৈনিক ইত্তেফাক

তারিখ ...
পৃষ্ঠা ৩ ... কলাম ৩

# স্কুল কলেজ মাদ্রাসায় কম্পিউটার বিতরণের সরকারী পরিকল্পনা

বাসস ॥ সরকার আগামী ২০০৬ সাল নাগাদ দেশের স্কুল, কলেজ ও মাদ্রাসায় ৩০ হাজার সেট কম্পিউটার বিতরণের পরিকল্পনা গ্রহণ করেছে। এর মধ্যে চলতি অর্থবছরেই (২০০২-'০৩) বিতরণ করা হবে ১০ হাজার কম্পিউটার। বিজ্ঞান ও তথ্য যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, স্কুল, কলেজ ও মাদ্রাসার ছাত্র-ছাত্রীদের মাঝে তথ্য প্রযুক্তির সুযোগ পৌঁছে দেয়ার জন্যই সরকার এ পদক্ষেপ নিয়েছে। শিক্ষাকে যুগোপযোগী করার লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ৮৭৩টি কম্পিউটার ইতিমধ্যে

([illegible] ১-এর কঃ দ্রঃ)

## স্কুল কলেজ মাদ্রাসায়

(৩য় পৃঃ পর)

বিতরণ করা হয়েছে এবং শিক্ষা মন্ত্রণালয়ে আরও ১১শ' কম্পিউটার ক্রয়পূর্ব বিতরণের বিষয় প্রক্রিয়াধীন রয়েছে। চলতি অর্থবছরে ১০ হাজার কম্পিউটার বিতরণের জন্য বাজেটে অর্থ বরাদ্দ রাখা হয়েছে। এছাড়াও সরকারের নিজস্ব উৎস থেকে অর্থ সংগ্রহ করে মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসা (দাখিল ও আলিম) পর্যায়ে আগামী চারটি অর্থবছরে ২০ হাজার কম্পিউটার বিতরণের একটি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় দেশের মাদ্রাসাসমূহের শিক্ষাকে যুগোপযোগী করার লক্ষ্যে মাদ্রাসা শিক্ষক ও ছাত্রদের কম্পিউটার প্রশিক্ষণের ব্যবস্থা করছে। বিজ্ঞান ও তথ্য যোগাযোগ প্রযুক্তি মন্ত্রী ডঃ আবদুল মঈন খান ইতোমধ্যে জানিয়েছেন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি শুধু শহরাঞ্চলে নয়, গ্রামাঞ্চলেও পৌঁছে দেয়া হবে। স্কুল-কলেজে শুধু কম্পিউটার বিতরণই নয়, এসব শিক্ষা প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগসহ কম্পিউটার নেটওয়ার্ক স্থাপনেরও পরিকল্পনা রয়েছে।